**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 27-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

## C.M Doctor Offer distribution:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে খুব সহসাই সুপার-স্পেশালিটি এবং মাস্টার অফ ডেন্টাল সার্জারি (এমডিএস) কোর্স শুরু করার পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার। এর পাশাপাশি স্বাস্থ্য ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করা হচ্ছে।গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে নবনিযুক্ত বিশেষজ্ঞ মেডিকেল অফিসারদের নিয়োগ পত্র প্রদান অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী ডাঃ সাহা আরও বলেন, রাজ্যে বিশেষজ্ঞ চিকিৎসকদের চাহিদা ছিল। এখনো এনিয়ে সংকট রয়েছে। সরকার টিপিএসসি'র মাধ্যমে ১৭০ জনের বেশি বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের প্রক্রিয়া শুরু করে। যদিও মাত্র ৪৫ জন প্রার্থী পাওয়া সম্ভব হয়েছে। তাই আবারও বিজ্ঞাপন দেওয়া হবে এবং এই সময়ের মধ্যে আরো বিশেষজ্ঞ চিকিৎসক পাশ করবেন। যাদেরকে দিয়ে শূন্যতা পূরণ করা যাবে। তিনি যারা নিয়োগপত্র পেয়েছেন তাদের অভিনন্দন জানান।

**********************

## Ganesh Puja:

আজ গনেশ চতুর্থী। সিদ্ধিদাতা গনেশ পূজা রাজ্যেও বিভিন্ন স্থানে ধুমধামের সঙ্গে গনেশ পূজার আয়োজন করা হয়েছে | বহু বাড়িতেও গনেশ পূজার আয়োজন করা হয় | কর্মে দক্ষতা, পারিবারিক সুখ সমৃদ্ধি যে কোন ও কাজে সফলতার কামনায় গনেশ পূজার আয়োজন করা হয়ে থাকে। আগরতলা শহরেরও গনেশ পূজা উপলক্ষ্যে উৎসবের বাতাবরণ তৈরী হয়েছে |

গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরের IGM চৌমুহনী এলাকা গনেশ পূজা উপলক্ষ্যে বিঘ্নহর্তা সামাজিক সংস্থা এবং জ্যাকসন গেইট এলাকায় একদন্ত সামাজিক সংস্থা আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন | মুখ্যমন্ত্রী এই ধরনের সামাজিক কাজের প্রশংসা করে, নেশামুক্ত ত্রিপুরা গড়তে ক্লাবগুলিকে ভুমিকা নিতে বলেন | গনেশ পূজা উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন |

********************

**CM-Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রকৃত মানুষ হয়ে উঠতে নিজের প্রতিভাকে বিকশিত করা প্রয়োজন। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত চিফ মিনিস্টার অ্যানুয়াল স্টেট্ অ্যাওয়ার্ড ফর একাডেমিক এক্সেলেন্স অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন শুধুমাত্র পুঁথিগত শিক্ষা গ্রহণ করলেই হবেনা। তার সঙ্গে দরকার নৈতিক শিক্ষা। তিনি বলেন রাজ্য সরকার প্রকৃত শিক্ষার বিকাশের জন্য প্রয়াস অব্যাহত রেখেছে। তিনি জানান রাজ্যে বর্তমানে ৭টি বিশ্ববিদ্যালয় রয়েছে। ভবিষ্যতে তা আরও বাড়ানোর পরিকল্পনা রয়েছে সরকারের।

******************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল গুজরাটের হনসলপুর থেকে ভারতে তৈরি ব্যাটারি চালিত বৈদ্যুতিক যানবাহন 'ই-ভিতারা'র সূচনা করেন। এই যানবাহনগুলি ইউরোপ এবং জাপানের মতো গুরুত্বপূর্ণ বাজার সহ ১00টিরও বেশি দেশে রপ্তানি করা হবে। পরিবেশ বান্ধব জ্বালানিতে স্বনির্ভরতার দিকে এক বিশাল পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী হনসলপুর-ভিত্তিক টিডিএস লিথিয়াম-

আয়ন ব্যাটারি প্ল্যান্টে হাইব্রিড ব্যাটারি ইলেক্ট্রোডের স্থানীয় উৎপাদন শুরু করার মাধ্যমে ভারতের ব্যাটারি ইকোসিস্টেমের পরবর্তী পর্যায়ের সূচনা করেন।

*****************

**Power Minister:**

রাজ্যে রেল লাইনে বিদ্যুত প্রবাহের উদ্যোগ  শুরু হয়েছে | বিদ্যুতমন্ত্রী রতনলাল নাথ আজ বিকেলে আগরতলা রেলস্টেশনে এক অনুষ্ঠানে ১৩২ কে.ভি. ট্রান্সমিশন লাইন এবং রেল লাইনে ১৩২ কেভি ফিডার বে-এর বৈদ্যুতিকরনে উদ্বোধন করবেন | সাবরুম পর্যন্ত রেললাইন বৈদ্যুতিকরন করা হবে |

****************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

********************

**One Stop Centre→ :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়  জানিয়েছেন, রাজ্যের প্রতিটি জেলায় একটি করে কর্মরতা মহিলা নিবাস  বা Working Women's Hostel

গড়ে তোলা হবে। এজন্য ভারত সরকার একশ কোটি টাকা মঞ্জুরী দিয়েছে।গতকাল  কৈলাশহরের ডি.কে রোড়ে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পরিচালনাধীন "ওয়ান স্টপ সেন্টার" এর উদ্বোধন করে তিনি একথা বলেন।

****************

**প্রথম ডিভিশন:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ২-১ গোলে জুয়েলস এসোসিয়েশনকে হারিয়ে দেয়।

****************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে।  বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**************

***********